গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ৩০/০৫/২০১৭ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি
সভার তারিখ ঃ ৩০/০৫/২০১৭ খ্রিঃ
সভার সময় ঃ সকাল ১০.০০ টা।
সভার স্থান ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা "পরিশিষ্ট ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম সচিব (প্রশাসন) গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং এতে কারো কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। অতঃপর বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক ঃ মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রোগ্রাম কর্তৃক গত ২১/০৫/২০১৭ তারিখ মন্ত্রিপরিষদ সভাকক্ষে মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাসমূহের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক পর্যালোচনা (২য় পর্যায়) সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় মন্ত্রণালয় ও সংস্থাসমূহের করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত সিদ্ধান্তগুলো বাস্তবায়নের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সভার সিদ্ধান্তসমূহ ছকে প্রস্তুতপূর্বক আওতাধীন সংস্থাসমূহে প্রেরণ করার বিষয়েও আলোচনা হয়।	মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক পর্যালোচনা (২য় পর্যায়) সংক্রান্ত সভার সিদ্ধান্তসমূহের (এতদসংগে সংযুক্ত ছক-ক) আলোকে মন্ত্রণালয় ও সংস্থাসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সংস্থাগুলো এ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	ইনোভেশন টিম, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং ইনোভেশন টিম, আওতাধীন সকল (০৬টি) সংস্থা।
২।	ই-জিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তঃ পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত কার্যবিবরণীর আলোকে মন্ত্রণালয় এবং আওতাধীণ সংস্থাসমূহের ই-জিপিতে অন্তর্ভুক্তিসহ অন্যান্য কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা করা হয় এবং সভাপতি পরিকল্পনা মন্ত্রণালয়ের পরামর্শ মোতাবেক কার্যক্রম গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। আওতাধীন সংস্থাসমূহ প্রশিক্ষণ গ্রহণ শেষে সকল টেন্ডার ই-জিপিতে করার বিষয়ে সভাপতি তাগিদ দেন।	ই-জিপি এর উপর প্রশিক্ষণ গ্রহণ শেষে সকল সংস্থা ই-জিপিতে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।	মন্ত্রণালয় ও আওতাধীন সকল সংস্থার কর্মকর্তাবৃন্দ (ভাইস চেয়ারম্যান, উন্নয়ন বোর্ড এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা, তিন পার্বত্য জেলা)।
৩।	ই-ফাইলিংঃ মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাসমূহের ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন করার উপর সভাপতি গুরুত্বারোপ করেন। মন্ত্রণালয়ে ডাক ও নথি পর্যায়ক্রমে ই-ফাইলিং এ করা হচ্ছে। আওতাধীন সংস্থাসমূহে ই-নথির উপর প্রশিক্ষণ সম্পন্ন শেষে তা বাস্তবায়ন করারও তাগিদ দেন।	আওতাধীন সংস্থাসমূহকে ই-ফাইলিং প্রশিক্ষণ সমাপনান্তে তা বাস্তবায়ন করতে হবে। মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগের পাশাপাশি উন্নয়ন অনুবিভাগকেও নিয়মিত ই-ফাইলিং এর মাধ্যমে নথি উপস্থাপন ও নিস্পত্তি করতে হবে।	মন্ত্রণালয় ও আওতাধীন সকল সংস্থার কর্মকর্তাবৃন্দ
৪।	মন্ত্রণালয়ের ওয়েব সাইট ঃ এ মন্ত্রণালয়ের ওয়েব সাইট আধুনিকায়ন এবং তথ্য-ভান্ডার সমৃদ্ধকরণের কার্যক্রম চলমান রয়েছে বলে যুগ্ম সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন। এছাড়া সকল সংস্থার হালনাগাদকৃত ওয়েবসাইট সমন্বয় সভায় প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপন করার উপর গুরুত্বারোপ করা হয়। পত্রাদি ডাকযোগে প্রেরণের পাশাপাশি নিয়মিত ই-মেইলে প্রদানের উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া মন্ত্রণালয়ের উন্নয়ন ও পরিকল্পনা শাখার সকল প্রকল্পের সার সংক্ষেপ	মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েব-সাইট নিয়মিত হালনাগাদ করতে হবে এবং সংস্থাগুলোর হালনাগাদকৃত ওয়েবসাইট নিয়মিত সমন্বয় সভায় প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপন করতে হবে এবং সহকারী প্রোগ্রামার এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। মন্ত্রণালয়ের বিভিন্ন সভা, কর্মশালা ও অন্যান্য বিষয়ক তথ্য ওয়েব-সাইটে প্রকাশের জন্য নোটিশের একটি কপি সহকারী প্রোগ্রামার/আইসিটি স্পেশালিস্ট বরাবর প্রেরণ করতে	যুগ্ম-সচিব (প্রশাসন), উপসচিব (সকল), সিনিয়র সহকারী প্রধান, তথ্য কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার/ আইসিটি স্পেশালিষ্ট এবং মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থার

চলমান পাতা

	প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে হালনাগাদকরণ, মন্ত্রণালয়ের বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম ছবি, ইভেন্টের ছবি ইত্যাদি নিয়মিত ওয়েব সাইটে হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	হবে। ওয়েব সাইট নিয়মিত তদারকি করবেন উপসচিব (প্রশাসন-১)। এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সচিব এর বিভিন্ন প্রকল্পের উদ্বোধন, অন্যান্য কর্মকর্তাগণের তিন পার্বত্য জেলার বিভিন্ন প্রকল্প পরিদর্শন ও এ সংক্রান্ত প্রতিবেদনের ছবি Caption সহ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী প্রধান উন্নয়ন ও পরিকল্পনা শাখার সকল প্রকল্পের সার সংক্ষেপ প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে নিয়মিত হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	সংশ্লিষ্ট কর্মকর্তা
৫।	**National ICT Policy-2009-এর Action Plans (কর্মপরিকল্পনা) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ** ঃ সকল সংস্থা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিয়মিত অগ্রগতি প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করা হচ্ছে। সচিব সবাইকে নিয়মিত ই-মেইল ব্যবহার ও সপ্তাহের যে কোন ১ দিন ১ ঘন্টা ব্যাপী কম্পিউটার ইত্যাদির উপর প্রশিক্ষণ এবং তথ্য প্রযুক্তি ব্যবহারে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন।	National ICT Policy-2009 এর Action Plans (কর্মপরিকল্পনা) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে প্রতি মাসের ৩ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে ই-মেইল ও ডাকযোগে প্রেরণ করতে হবে। কর্মকর্তাবৃন্দ যে কোন বিষয়ে যাচিত প্রতিবেদন বা তথ্য ই-মেইলে প্রদান করবেন। কর্মকর্তাগণ নিয়মিত ই-মেইল ব্যবহার করবেন। মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার ও আইসিটি স্পেশালিস্ট কম্পিউটার এর উপর সপ্তাহের যে কোন একটি দিন ১ ঘন্ট্য ব্যাপী প্রশিক্ষণের ব্যবস্থা করবেন।	মন্ত্রণালয় ও আওতাধীন সকল সংস্থার কর্মকর্তাবৃন্দ, সহকারী প্রোগ্রামার, আইসিটি স্পেশালিষ্ট জনাব এ এ মং।
৬।	<u>জেলা পরিষদের অধীনে বিভিন্ন বিষয়/অফিস হস্তান্তর প্রসংগে</u> ঃ জেলা পরিষদের অধীনে বিভিন্ন বিষয়/অফিস হস্তান্তর বিষয়ে গত সভার সিদ্ধান্তের আলোকে নিম্নোক্ত অগ্রগতি হয়েছে মর্মে যুগ্ম সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেনঃ		
	(১) রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবার পার্বত্য জেলার মাধ্যমিক শিক্ষা বিভাগ এবং খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষকে হস্তান্তরিত চুক্তি অনুযায়ী পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে নির্দেশনা দেয়ার জন্য ২২/০১/২০১৭ তারিখ পুণরায় পত্র প্রেরণ করা হয়েছে।	১) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। আধা সরকারি পত্রের মাধ্যমে তাগিদ পত্র পুণরায় প্রেরণ করতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ) / সিনি:সহ:সচিব (পরিষদ-১)/ চেয়ারম্যান, তিন পার্বত্য জেলা পরিষদ।
	(২) তিন পার্বত্য জেলায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর আওতাধীন অফিসসমূহ তিন পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লক্ষ্যে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ে ২২/০১/২০১৭ তারিখ পুণরায় পত্র প্রেরণ করা হয়েছে।	২) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে। আধা সরকারি পত্রের মাধ্যমে তাগিদ পত্র পূণরায় প্রেরণ করতে হবে।	ঐ
	(৩) সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন জেলা সড়কসমূহ তিন পার্বত্য জেলা পরিষদের অনুকূলে হস্তান্তরের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর স্বাক্ষরে যোগাযোগ মন্ত্রণালয় বরাবর গত ১৪/০৮/২০১৬ তারিখ পুণরায় পত্র প্রেরণ করা হয়েছে।	৩) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে। আধা সরকারি পত্রের মাধ্যমে তাগিদ পত্র পূণরায় প্রেরণ করতে হবে।	ঐ
	(৪) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং তিন পার্বত্য জেলা পরিষদের মধ্যে গত ২৮/৮/২০১৪ তারিখ চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং চুক্তি কার্যকর করার জন্য ঐ মন্ত্রণালয় বরাবর গত ১৪/০৮/২০১৬ তারিখ পুণরায় পত্র দেয়া হয়েছে।	৪) কাঙ্খিত ফলাফল অর্জন না করা পর্যন্ত কার্যক্রম চলমান রাখতে হবে। আধা সরকারি পত্রের মাধ্যমে তাগিদ পত্র পূণরায় প্রেরণ করতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ)
	(৫) বর্তমান সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের অংশ হিসাবে পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি বাস্তবায়ন ও হস্তান্তরিত বিভাগ/দপ্তরসমূহের বরাদ্দকৃত বাজেটের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করণ এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের বরাদ্দ প্রদান, কর্মকর্তা/কর্মচারীদের প্রেষণ, বদলি ও	৫) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে। আধা সরকারি পত্রের মাধ্যমে তাগিদ পত্র পূণরায় প্রেরণ করতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ)